



ভুল/মিথ্যা তথ্য
জেনে বুঝে/ ইচ্ছাকৃত ব্যবহার
বা অনলাইন সেবা ও সামাজিক
গণমাধ্যমে প্রাপ্ত তথ্য যাচাই
না করে ব্যবহার করার
ঝুঁকিগুলো কী



Digital
Literacy
Center





কেন বলতো?

কারণ যেকোনো ধরনের ভুল তথ্য আমাদের শারীরিক ও মানসিক বিভিন্ন ধরনের ঝুঁকি বয়ে আনতে পারে।

তাই বিভিন্ন সামাজিক মাধ্যমের বিভিন্ন পেইজগুলো থেকে অনলাইন সেবা নেওয়ার ক্ষেত্রে বেশ সাবধানতা অবলম্বন করতে হবে।

মিথ্যা বা ভুল তথ্যের কারণে একদিকে যেমন প্রতারিত হতে পারে,

তেমনি আরেকদিকে ভুল তথ্য ব্যবহার করার ফলে শারীরিক ও মানসিক সমস্যাও দেখা দিতে পারে।

তাছাড়া সামাজিক যোগাযোগ মাধ্যমে শুধু স্বাস্থ্য বিষয়ক নয় যেকোনো তথ্যই দেখা মাত্রই শেয়ার করা থেকে বিরত থাকবে।

এতে করে মানুষের ভিতরে আতঙ্ক তৈরি হতে পারে, মানসিকভাবে ভেঙে পড়তে পারে।

মানে সামাজিক মাধ্যমে প্রাপ্ত যেকোনো তথ্যই যাচাই না করে ব্যবহার করা উচিত নয়, তাই তো?

হ্যাঁ, শুধু ব্যবহার না যেকোনো তথ্য শেয়ার করার পূর্বেও ভেবে নিবে যে তথ্যটি শেয়ার করার ফলে কোনো জাতি-গোষ্ঠীকে ছোট করা হচ্ছে কি না।

তারপর ভুল বা মিথ্যা তথ্য শেয়ার করলে বা কোনো কথোপকথনে ব্যবহার করলে সামাজিক ও রাজনৈতিক হানাহানি, সংঘাত সৃষ্টি হতে পারে, এমন কি প্রাণহানিও ঘটতে পারে।

